



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ  
[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)



স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(৮৬)/২০২০-২১/ ৭০০৮

তারিখ: ১০-০১-২০২১খ্রি।

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব সরোয়ার হোসাইন (এস-১০৩৩), জুনিয়র অফিসার (মাঠ) (সাময়িকভাবে বরখাস্ত), পল্লী সঞ্চয় ব্যাংক, শিবপুর শাখা, নরসিংদী, উক্ত শাখায় জুনিয়র অফিসার (মাঠ) এর দায়িত্ব পালনকালে সংঘটিত গুরুতর অনিয়মের দায়ে আপনাকে ১৪/০৬/২০২০ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতের দায়ে বিভাগীয় মৌকদ্দমা নং ০২/২০২০-২১ রুজুপূর্বক ১৬/০৮/২০২০ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(৮৬)/২০২০-২১/৩৬৯ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল, আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড গঠন করা হইয়াছিল, আপনি তদন্তে উপস্থিত হইয়াছিলেন;

- ০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধি মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন;
- ০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষাঙ্গিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব সরোয়ার হোসাইন, আপনাকে লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;
- ০৪। সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব সরোয়ার হোসাইন, আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৯ (১) (ক) (অ) প্রবিধি অনুসারে তিরক্ষার দণ্ড প্রদানের আদেশ দিলেন। সেইসাথে আপনার উপর ১৪/০৬/২০২০ তারিখে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক চাকরিতে পুনঃবহাল করা হইল এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে গণ্য করিয়া উক্ত সময়ে প্রাপ্ত বেতন-ভাতাদির অতিরিক্ত বেতন-ভাতাদি প্রদান না করিবার আদেশ দিলেন। ইহাছাড়া এখরগের অভিযোগ ভবিষ্যতে উপাপিত হলে কঠোরভাবে তা নেয়া হবে মর্মেও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

১০/০১/২০২১

(মোঃ ইসমাইল মিয়া)  
সহকারী মহাব্যবস্থাপক

স্মারক নং পসব্য/প্রকা/প্রশা-২২(৮৬)/২০২০-২১/ ৭০০৮ (৬)

তারিখ: ১০-০১-২০২১খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ০১। ব্যবস্থাপনা পরিচালক (অতি: সচিব) মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ০২। প্রকল্প পরিচালক (অতি: সচিব) মহোদয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর উপজেলা, নরসিংদী।
- ০৪। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক/আমার বাড়ি আমার খামার প্রকল্প, জেলাঃ নরসিংদী।
- ০৫। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শিবপুর শাখা, নরসিংদী। ব্যাংকের ওয়েবসাইট থেকে কর্মী সংক্রান্ত ঘোষণাটি ডাউনলোড করে জনাব সরোয়ার হোসাইন, জুনিয়র অফিসার (মাঠ) এর নিকট প্রাপ্তিষ্ঠাকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। জনাব সরোয়ার হোসাইন (এস-১০৩৩), জুনিয়র অফিসার (মাঠ), পল্লী সঞ্চয় ব্যাংক, শিবপুর শাখা, নরসিংদী।
- ০৭। নথি/ব্যক্তিগত নথি/মহানথি।

১০/০১/২০২১  
(মোঃ ইসমাইল মিয়া)  
সহকারী মহাব্যবস্থাপক